

তথ্য কমিশন বাংলাদেশ

এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭

কমিশন সভার কার্যবিবরণী:

সভাপতি : ডক্টর আবদুল মালেক
প্রধান তথ্য কমিশনার

সভার তারিখ : ১৬/০৫/২০২৪

সময়: বেলা ১২.৩০টা

স্থান : কমিশনের সভাকক্ষ।

উপস্থিতি: পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় তথ্য কমিশনার জনাব শহীদুল আলম ঝিনুক ও তথ্য কমিশনার জনাব মাসুদা ভাট্টি এবং সচিবসহ কমিশনের অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ কে আহ্বান জানান। পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	তথ্য অধিকার আইন বাস্তবায়নে কৌশলপত্র ২০২৪-২০৩০ (Strategic Plan) প্রণয়ন	তথ্য অধিকার আইন বাস্তবায়নে কৌশলপত্র ২০২৪-২০৩০ (RTI Strategic Plan) প্রণয়ন বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব আসিফ মোহাম্মদ তথ্য কমিশনার এর একান্ত সচিব বলেন- তথ্য কমিশনের কৌশলগত পরিকল্পনা ২০২৪-২০৩০ তৈরির কার্যক্রমে অর্থায়নের বিষয় নিয়ে দি কার্টার সেন্টারের সাথে আলোচনা হয়েছে। দি কার্টার সেন্টার ইতোমধ্যে এনজিও বিষয়ক ব্যুরো থেকে এ কার্যক্রমে অর্থায়নের জন্য প্রকল্প অনুমোদন গ্রহণ করেছে। কার্যক্রমটি পরিচালনার জন্য এমআরডিআই নিম্নরূপ একটি অভ্যন্তরীণ দল গঠন করেছে: ১. জনাব হাসিবুর রহমান, নির্বাহী পরিচালক, এমআরডিআই ২. জনাব সাইফুল আলম চৌধুরী, সহযোগী অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ৩. জনাব আক্তারুণ নাহার, ম্যানেজার প্রোগ্রাম, এমআরডিআই ৪. সৈয়দ সামিউল বাশার অনিক, সিনিয়র প্রোগ্রাম অফিসার, এমআরডিআই ৫. জনাব মিজানুর রহমান, সিনিয়র কো-অর্ডিনেটর প্রোগ্রাম ম্যানেজমেন্ট, এমআরডিআই ৬. জনাব জান্নাতুন নাহার, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, এমআরডিআই সর্বপরি এবিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে মর্মে কমিশন একমত পোষণ করেন।	তথ্য অধিকার আইন বাস্তবায়নে কৌশলপত্র ২০২৪-২০৩০ (RTI Strategic Plan) প্রণয়নের চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	জনাব আসিফ মোহাম্মদ, তথ্য কমিশনার এর একান্ত সচিব ও ফোকাল পয়েন্ট RTI Strategic Plan
০২	আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২৪ উদযাপন	ক) আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপনের তারিখ নির্ধারণ: আগামী ২৮/০৯/২০২৪ তারিখ শনিবার সাপ্তাহিক সরকারী ছুটি হলেও ঐ তারিখেই অর্থাৎ ২৮/০৯/২০২৪ তারিখ শনিবার আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২৪ উদযাপন করা হবে মর্মে কমিশন একমত পোষণ করে। খ) আলোচনা সভার অতিথি নির্বাচন: আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতি পেলে মহামান্য রাষ্ট্রপতিকে প্রধান অতিথি এবং মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়- কে বিশেষ অতিথি নির্ধারণ	ক) আগামী ২৮/০৯/২০২৪ তারিখ শনিবার আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২৪ উদযাপন করা হবে। খ) আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতি পাওয়া গেলে মহামান্য রাষ্ট্রপতিকে প্রধান অতিথি এবং মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য	১। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ ২। পরিচালক (গ.প্র.প্র.) ৩। উপপরিচালক (গ.প্র.প্র.)

		করা হবে। মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতি না পাওয়া গেলে মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়- কে প্রধান অতিথি নির্ধারণ করা হবে।	ও সম্প্রচার মন্ত্রণালয় কে বিশেষ অতিথি নির্ধারণ করা হবে। মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতি না পাওয়া গেলে মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়- কে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হবে।	৪। সহকারী পরিচালক (প্রশাসন) ৫। সহকারী পরিচালক (প্রচার ও প্রকাশ)
		গ) আলোচনা সভার ভেন্যু নির্বাচন: আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতি সাপেক্ষে পরবর্তীতে ভেন্যু নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়।	গ) আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতি পাওয়া গেলে পরবর্তীতে ভেন্যু নির্ধারণ করা হবে।	
		ঘ) স্মরণিকা প্রকাশ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ: আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে তথ্য কমিশন বাংলাদেশ হতে স্মরণিকা প্রকাশের বিষয়ে কমিশন একমত পোষণ করেন।	ঘ) আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে তথ্য কমিশন বাংলাদেশ থেকে স্মরণিকা প্রকাশ করা হবে।	
০৩	নিউজ লেটার প্রকাশ:	তথ্য কমিশন বাংলাদেশ থেকে নিয়মিত ত্রৈমাসিক নিউজ লেটার প্রকাশের বিষয়ে কমিশন একমত পোষণ করেন।	তথ্য কমিশন বাংলাদেশ থেকে নিয়মিত ত্রৈমাসিক নিউজ লেটার প্রকাশ করা হবে।	সহকারী পরিচালক (প্রচার ও প্রকাশ)

০২। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/-
(ডক্টর আবদুল মালেক)
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৯.২৪.১১৩৫

তারিখ: ০২/০৬/২০২৪

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ২) পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৩) উপপরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৪) প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ৫) তথ্য কমিশনার এর একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ৬) সহকারী পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৭) গবেষণা কর্মকর্তা/ জনসংযোগ কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার তথ্য কমিশন বাংলাদেশ।
- ৮) অফিস কপি।


(হেলাল আহমেদ)

সহকারী পরিচালক (প্রশাসন)
তথ্য কমিশন বাংলাদেশ